

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০১.১৮-১৪

তারিখঃ ২৬ পৌষ ১৪২৫
০৯ জানুয়ারী ২০১৯

বিষয়ঃ শুনানীতে অংশগ্রহণের নোটিশ।

সূত্র: ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০১.১৮-২১১; তারিখ: ৩০/১০/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ) কর্তৃক বিগত ১০/০৮/২০১৪ খ্রি. জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলাধীন জামালগঞ্জ উচ্চ বিদ্যালয় পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। পরিদর্শন ও নিরীক্ষাক্রমে দাখিলকৃত প্রতিবেদন 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটিতে' পর্যালোচনা করা হয়। পর্যালোচনাক্রমে সভায় তার সম্পর্কে প্রাপ্ত অভিযোগের বিষয়ে শুনানী গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে আগামী ২২/০১/২০১৯ খ্রি: সকাল ১০.০০ টায় জনাব আহমদ শামীম আল রাজী, যুগ্মসচিব (নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক বর্ণিত বিষয়ে শুনানী গ্রহণ করা হবে।

০২। এমতাবস্থায়, প্রয়োজনীয় কাগজপত্রসহ (প্রয়োজ্য ক্ষেত্রে মূলকপি) শুনানীতে অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

জনাব মো. আমিনুর রহমান
সহকারী শিক্ষক (কম্পিউটার), জামালগঞ্জ উচ্চ বিদ্যালয়
আক্কেলপুর, জয়পুরহাট

(মো. রাহেদ হোসেন)

উপসচিব

ও

সদস্যসচিব

'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের
পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদন
পর্যালোচনা ও বাস্তবায়ন কমিটি'

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল।

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। উপসচিব (নিরাপত্তা-২), জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (শুনানীতে আহত অংশগ্রহণকারীগণকে সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। সিনিয়র সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। যুগ্মসচিব মহোদয়ের একান্ত ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৭। অফিস নথি।